# BIBLE 316

# বাইবেল কি?

**বাইবেল কি?** এটি হল ঈশ্বরের দ্বারা আপনার সঙ্গে বলা কথা। এটি যে কেবল মাত্র ঈশ্বরের বিষয়ে, এমন নয়। এটি হল ঈশ্বরের থেকে। এটি অনুপ্রেরণামূলক, অনুপ্রেরণাদায়ী অপেক্ষা অধিক কিছু (এটি হল ঈশ্বর নিঃশ্বসিত)। এটি পাঠ করুন। এটি শুনুন। এটির বিষয়ে ভাবুন। এটির থেকে শিখুন। আপনার জীবনে এটি প্রয়োগ করুন। প্রেরিত পিতর লিখেছেন, *"নবজাত শিশুদের ন্যায় সেই পারমার্থিক অমিশ্রিত দুগ্ধের লালসা কর, যেন তাহার গুণে পরিত্রাণের জন্য বৃদ্ধি পাও"* ১ পিতর ২:২।

**কোন বিষয়টি বাইবেলকে অনন্য করে তোলে?** বাইবেলের ৬৬টি পুস্তক লিখিত হয়েছিল (ইব্রীয়, অরামিয়, এবং গ্রীক) এই তিনটি ভাষায়, ১,৬০০ বৎসর যাবৎ সময় নিয়ে, চল্লিশেরও অধিক সংখ্যক ব্যক্তিদের দ্বারা, যাদের মধ্যে ছিল একই সাধারণ উদ্দেশ্য, এবং শতাব্দীর পর শতাব্দী যাবৎ লেখা হলেও, এই লেখার মধ্যে ছিল একই ধারাবাহিকতা। নূতন নিয়ম প্রমাণ করা হয়েছে ৫,০০০ এরও অধিক সংখ্যক প্রাচীন পূর্ণ অথবা আংশিক হস্তলিপির মাধ্যমে। বাইবেলের ত্রুটিহীন হওয়া যাচাই করে দেখা হয়েছে বাইবেলের ভাববাণীর পূর্ণতা প্রাপ্তির, বিভিন্ন আধুনিক প্রত্নতাত্ত্বিক আবিস্কারের, ভৌগলিক ভাবে বাইবেল ত্রুটিহীন হওয়ার মাধ্যমে, এবং বাইবেলের হিতোপদেশে দেওয়া, সময় অতিক্রম করা জ্ঞানের মাধ্যমে। বাইবেল হল সর্বকালের লেখা সব থেকে গুরুত্বপূর্ণ এবং প্রভাবশালী পুস্তক। বাইবেলের মত, অন্য আর কোন পুস্তক এত অধিক সংখ্যায় ছাপা হয় নি, অধিক সংখ্যায় বিতরণ করা হয় নি, অধিক সংখ্যক ভাষায় অনুবাদ করা হয় নি, অধিক সংখ্যক জীবনকে শক্তিশালী ভাবে পরিবর্তন করে নি, এবং এত অধিক সংখ্যক শতাব্দী যাবৎ টীকে থাকে নি। বাইবেল হল চরম কর্তৃত্ব, যেটিতে আমাদের বিশ্বাস করা উচিত, এবং যেটির অনুসারে আমাদের জীবন যাপন করা উচিত। অপর সকল পুস্তক অপেক্ষা বাইবেল সব থেকে উঁচু হয়ে দাঁড়িয়ে থাকে।

### বাইবেলের বৈশিষ্ট্যগুলি কি কি?

বাইবেল হল ঈশ্বর নিঃশ্বসিত। *"ঈশ্বর-নিশ্বসিত প্রত্যেক শাস্ত্রলিপি আবার শিক্ষার, অনুযোগের, সংশোধনের, ধার্ম্মিকতা সম্বন্ধীয় শাসনের নিমিত্ত উপকারী।"* ২ তীমথিয় ৩:১৬।

বাইবেল হল সত্য। যীশু প্রার্থনা করেছিলেন, *"তাহাদিগকে সত্যে পবিত্র কর; তোমার বাক্যই সত্যস্বরূপ,"* যোহন ১৭:১৭।

বাইবেল হল অতি সূক্ষ্ম সকল বিষয়েও ত্রুটিহীন। যীশু বলেছেন, *"কেননা আমি তোমাদিগকে সত্য কহিতেছি, যে পর্য্যন্ত আকাশ ও পৃথিবী লুপ্ত না হইবে, সে পর্য্যন্ত ব্যবস্থার এক মাত্রা কি এক বিন্দুও লুপ্ত হইবে না, সমস্তই সফল হইবে।"* মথি ৫:১৮। মৌলিক হস্তলিপির ত্রুটিহীন হওয়াকে বজায় রাখা হয়েছে, যেন আজকের দিনের শব্দের বদলে শব্দের অনুবাদও ৯৯% এর অধিক রূপে ত্রুটিহীন থাকে।

বাইবেল হল বিশুদ্ধ। *"সদাপ্রভুর বাক্য সকল নির্ম্মল বাক্য; তাহা মৃত্তিকার মুচিতে খাঁটী করা রৌপ্যের তুল্য, সাত বার পরিষ্কৃত রৌপ্যের তুল্য।"* গীতসংহিতা ১২:৬।

বাইবেল হল অনন্তকালীন। *"তৃণ শুষ্ক হইয়া যায়, পুষ্প ম্লান হইয়া পড়ে, কিন্তু আমাদের ঈশ্বরের বাক্য চিরকাল থাকিবে।"* যিশাইয় ৪০:৮। বাইবেল আজকের দিনেও ততটাই প্রাসঙ্গিক, যতটা প্রাসঙ্গিক এটি তখন ছিল যখন এটি লেখা হয়েছিল।

বাইবেল হল পরাক্রমী। ইব্রীয় ৪:১২ পদ বলে, *"কেননা ঈশ্বরের বাক্য জীবন্ত ও কার্য্যসাধক, এবং সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ, এবং প্রাণ ও আত্মা, গ্রন্থি ও মজ্জা, এই সকলের বিভেদ পর্য্যন্ত মর্ম্মবেধী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।"*

### বাইবেলের থেকে কি কি ব্যক্তিগত উপকার আসে?

বাইবেল আমাদের সুসজ্জিত করে দেয়। *"ঈশ্বর-নিশ্বসিত প্রত্যেক শাস্ত্রলিপি আবার শিক্ষার, অনুযোগের, সংশোধনের, ধার্ম্মিকতা সম্বন্ধীয় শাসনের নিমিত্ত উপকারী, যেন ঈশ্বরের লোক পরিপক্ক, সমস্ত সৎকর্ম্মের জন্য সুসজ্জীভূত হয়।"* ২ তীমথিয় ৩:১৬-১৭।

বাইবেল আমাদের সাহায্য করে যেন আমরা পাপ না করি। গীতসংহিতা ১১৯:৯, ১১ পদ আমাদের বলে যে কিভাবে তেমন করতে হয়। *"যুবক কেমন করিয়া নিজ পথ বিশুদ্ধ করিবে? তোমার বাক্যানুসারে সাবধান হইয়াই করিবে।"* এবং *"তোমার বচন আমি হৃদয়মধ্যে সঞ্চয় করিয়াছি, যেন তোমার বিরুদ্ধে পাপ না করি।"* ২ তীমথিয়ে ৩:১৬-১৭।

বাইবেল আজকের দিনে আমাদের পথ (আমাদের পরবর্তী পদক্ষেপ) প্রদর্শন করে এবং (এগিয়ে যাওয়ার জন্য) আমাদের ভবিষ্যতের দিক নির্দেশ করে। *"তোমার বাক্য আমার চরণের প্রদীপ, আমার পথের আলোক,"* গীতসংহিতা ১১৯:১০৫।

বাইবেল প্রজ্ঞা প্রদান করে। *“তব বাক্যসমূহের বিকাশ আলোক প্রদান করে, তাহা অমায়িকদিগকে বুদ্ধিমান করে।”* গীতসংহিতা ১১৯:১৩০। পুরাতন নিয়মের হিতোপদেশ পুস্তকে পাওয়া যায় সময়ের অতীত প্রজ্ঞা।

সংকটের সময়ে বাইবেল আমাদের সাহায্য প্রদান করে। গীতসংহিতা ১১৯:৫০ পদ আমাদের এই উৎসাহ প্রদান করে, *“দুঃখের সময়ে ইহাই আমার সান্ত্বনা, তোমার বচন আমাকে সঞ্জীবিত করিয়াছে।”*

বাইবেল আমাদের প্রত্যাশা প্রদান করে। *“কারণ পূর্ব্বকালে যাহা যাহা লিখিত হইয়াছিল, সে সকল আমাদের শিক্ষার নিমিত্তে লিখিত হইয়াছিল* [এটি পুরাতন নিয়মকে উল্লেখ করে], *যেন শাস্ত্রমূলক ধৈর্য্য ও সান্ত্বনা দ্বারা আমরা প্রত্যাশা প্রাপ্ত হই।”* রোমীয় ১৫:৪।

বাইবেল আমাদের শান্তি প্রদান করে। গীতসংহিতা ১১৯:১৬৫ পদ এই প্রতিজ্ঞা করে যে, *“যাহারা তোমার ব্যবস্থা ভালবাসে, তাহাদের পরম শান্তি, তাহাদের উছোট লাগে না।”*

বাইবেল আনন্দ নিয়ে আসে। যিরমিয় ১৫:১৬ পদ এর একটি দৃষ্টান্ত দেয়, *“তোমার বাক্য সকল আমার আমোদ ও চিত্তের হর্ষজনক ছিল; কেননা হে সদাপ্রভু, বাহিনীগণের ঈশ্বর, আমার উপরে তোমার নাম কীর্ত্তিত।”*

**কিভাবে কাউকে বাইবেল পাঠ করতে হবে অথবা শুনতে হবে?** একাধিক পদ পরীক্ষা করে দেখুন। *“ঈশ্বর-নিশ্বসিত প্রত্যেক শাস্ত্রলিপি আবার শিক্ষার, অনুযোগের, সংশোধনের, ধার্ম্মিকতা সম্বন্ধীয় শাসনের নিমিত্ত উপকারী”* এই উক্তিটির চারটি উদ্দেশ্য বিবেচনা করে দেখুন ২ তীমথিয় ৩:১৬। আপনি যখন বাইবেল পাঠ করবেন অথবা শুনবেন, তখন এই চারটি প্রশ্ন জিজ্ঞাসা করুন। এটি আমাকে কি শিক্ষা দেয়? এটি আমাকে কিভাবে তিরস্কৃত করে? আমাকে কি কি সংশোধন করতে হবে? আরও অধিক ধার্মিক হওয়ার জন্য এটি আমাকে কিভাবে প্রশিক্ষিত করে?

**কি হবে, যদি আমার কাছে কোন বাইবেল না থাকে?** তাহলে বাইবেলের একটি ভাল অনুবাদ কেনার জন্য যথাসাধ্য চেষ্টা করুন। আপনি যদি কোন কারণে একটি বাইবেল কিনতে না পারেন, তাহলেও বিনামূল্যে আপনি অন-লাইনে বাইবেল পাঠ করতে পারবেন অথবা শুনতে পারবেন। একজন অথবা কয়েকজন বন্ধুর জন্য বাইবেল কেনার এবং তাঁদের বাইবেল দেওয়ার কথা বিবেচনা করে দেখুন। অথবা আপনার মণ্ডলীকে অথবা সাথী বিশ্বাসীদের কাউকে বলুন আপনার দলের মানুষদের কাছে বাইবেল পাঠ করে শোনাতে, আর অত্যন্ত মনযোগ সহকারে বাইবেল পাঠ শুনুন। *“ধন্য তাহারাই, যাহারা ঈশ্বরের বাক্য শুনিয়া পালন করে* [সেই বাক্য পালন করুন এবং সেই অনুসারে জীবন যাপন করুন],” লূক ১১:২৮।

**বাইবেলের শিক্ষকদের এবং নেতাদের জন্য বিশেষ কয়েকটি পদ কি কি?** ঈশ্বরের বাক্য পালন করে (বাক্য অনুসারে জীবন যাপন করে) যীশুর একজন শিষ্য হওয়া। *“অতএব যে যিহূদীরা তাঁহাকে বিশ্বাস করিল, তাহাদিগকে যীশু কহিলেন, তোমরা যদি আমার বাক্যে স্থির থাক, তাহা হইলে সত্যই তোমরা আমার শিষ্য,”* যোহন ৮:৩১। বাইবেল অধ্যয়ন করুন, যেন আপনি পরীক্ষাসিদ্ধ হতে পারেন। *“তুমি আপনাকে ঈশ্বরের কাছে পরীক্ষাসিদ্ধ লোক দেখাইতে যত্ন কর; এমন কার্য্যকারী হও, যাহার লজ্জা করিবার প্রয়োজন নাই, যে সত্যের বাক্য যথার্থরূপে ব্যবহার করিতে জানে।”* ২ তীমথিয় ২:১৫।

**কেন বাইবেল অনন্তকালীন রূপে গুরুত্বপূর্ণ?** প্রেরিত যোহন তাঁর সুসমাচার লেখার উদ্দেশ্য ব্যক্ত করেছেন। সমগ্র বাইবেলের উপরে সেই একই উদ্দেশ্য প্রয়োগ করা যেতে পারে। *“যীশু শিষ্যদের সাক্ষাতে আরও অনেক চিহ্ন-কার্য্য করিয়াছিলেন; সে সকল এই পুস্তকে লেখা হয় নাই। কিন্তু এই সকল লেখা হইয়াছে, যেন তোমরা বিশ্বাস কর যে, যীশুই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, আর বিশ্বাস করিয়া যেন তাঁহার নামে জীবন প্রাপ্ত হও।”* যোহন ২০:৩০-৩১। আপনি কিভাবে যীশুকে বিশ্বাস করবেন এবং অনন্ত জীবন লাভ করবেন? কিভাবে আপনি তা করবেন সেটি আপনি এখানে জানতে পারবেন www.Gospel316.org।

**“তৃণ শুষ্ক হইয়া যায়, পুষ্প ম্লান হইয়া পড়ে,কিন্তু আমাদের ঈশ্বরের বাক্য চিরকাল থাকিবে।” যিশাইয় ৪০:৮।**

---

জন ডি মরিস খ্রী দ্বারা লেখা *বাইবেল কি?* © 2025 প্রকাশিত হয়েছে অ্যাক্টস্ ওয়ান এইট দ্বারা। আপনি এটি বিনামূল্যে ছাপাতে পারেন, অনুলিপি করতে পারেন, পোস্ট করতে পারেন অথবা এই সম্পূর্ণ উক্তি অন্তর্ভুক্ত করে, এর কোন পরিবর্তন না করে এই বিষয়বস্তু মেসেজ করে পাঠাতে পারেন। আপনি আপনার পরিচর্যার অথবা মণ্ডলীর নাম, পরিচিতি চিহ্ন (লোগো) পৃষ্ঠা একের উপরি ভাগে দিতে পারেন এবং দ্বিতীয় পৃষ্ঠায় মোটা লাইনের নীচে আপনি আপনার যোগাযোগ সংক্রান্ত তথ্য যুক্ত করতে পারেন। Bible316 এর ভিত্তি হল কেবল মাত্র বাইবেল। এটি আছে যীশু খ্রীষ্টকে বিশ্বাস করতে, এবং তারপর যীশুর শিষ্য হওয়ার দিকে বৃদ্ধি পেতে মানুষদের সাহায্য করার জন্য। (যদি সম্ভব হয় তাহলে) আপনি অ্যাক্টস্ ওয়ান এইট -কে Hello@Mail316.org এখানে ইমেল করে পাঠাতে পারেন। ইংরাজি ব্যতীত অন্যান্য ভাষায় www.ChristianLingua.com. দ্বারা অনুবাদ করা হয়েছে। বিনামূল্যে, ৪৮টি ভাষায় বাইবেল কি? পাওয়া যাবে www.Bible316.org. এখানে। বাইবেলের ইংরাজি উদ্ধৃতি দেওয়া হয়েছে লকম্যান ফাউন্ডেসনস নিউ অ্যামেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল ১৯৯৫ থেকে। বাইবেলের এই বাংলা অনুবাদের উদ্ধৃতি দেওয়া হয়েছে পবিত্র বাইবেল, বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া, ও ভি বাইবেল থেকে।